# Times Today BD

সংগীত কুমার | ক্যাম্পাস | 27 May, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) দুটি বিভাগের নাম পরিবর্তনের সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল।সিদ্ধান্ত অনুযায়ী, 'আল-ফিকহ অ্যান্ড লিগ্যাল স্টাডিজ' বিভাগের নাম পরিবর্তন করে 'আল-ফিকহ অ্যান্ড ল' এবং 'জিওগ্রাফি অ্যান্ড এনভায়রনমেন্ট' বিভাগের নতুন নাম হবে 'এনভায়রনমেন্টাল সাইন্স অ্যান্ড জিওগ্রাফি'।

সোমবার (২৬ মে) বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তী সিন্ডিকেট সভায় অনুমোদনের পর তা কার্যকর হবে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মনজুরুল হক।

তিনি বলেন, "দুইটি বিভাগের নাম পরিবর্তনের সিদ্ধান্ত একাডেমিক কাউন্সিলে নেওয়া হয়েছে। সিন্ডিকেট অনুমোদনের পর এটি আনুষ্ঠানিকভাবে কার্যকর হবে।"

উল্লেখ্য, দীর্ঘদিন ধরে নাম পরিবর্তনের দাবিতে আন্দোলন করে আসছিল উক্ত দুই বিভাগের শিক্ষার্থীরা। গত ১৭ মে আল-ফিকহ অ্যান্ড লিগ্যাল স্টাডিজ বিভাগের শিক্ষার্থীরা বিভাগের সামনে অবস্থান কর্মসূচি পালন করে।এর আগে ২৯ জানুয়ারি জিওগ্রাফি অ্যান্ড এনভায়রনমেন্ট বিভাগের শিক্ষার্থীরা প্রশাসন ভবনের সামনে একই দাবিতে কর্মসূচি পালন করে।

ইসলামী বিশ্ববিদ্যালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:34

URL: https://www.timestodaybd.com/public/campus/7758073026